# অভ্যুত্থানের কৃতিত্ব এককভাবে নেওয়ার সুযোগ নেই: খন্দকার মোশাররফ



খন্দকার মোশাররফ। ছবি::সংগৃহীত

২০২৪ সালের ছাত্র-জনতার অভ্যুত্থানকে একক ব্যক্তি বা গোষ্ঠীর কৃতিত্ব হিসেবে দেখার সুযোগ নেই বলে মন্তব্য করেছেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন। তিনি বলেন, দীর্ঘ ১৭ বছরের আন্দোলন-সংগ্রামের ধারাবাহিকতায় ২০২৪ সালের অভ্যুত্থান সফল হয়েছে।

সোমবার (২৪ আগস্ট) বিকেলে বিএনপির সাবেক মহাসচিব ব্যারিস্টার আবদুস সালাম তালুকদারের ২৭তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত স্মরণসভায় বক্তব্য দেন তিনি।

খন্দকার মোশাররফ বলেন, সাম্প্রতিক অভ্যুত্থানের কৃতিত্ব কয়েকজনের মধ্যে সীমাবদ্ধ রাখার চেষ্টা করা হচ্ছে। অথচ দীর্ঘ সময় ধরে বিএনপি বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে আন্দোলনে ছিল। এ সময়ে দলের নেতাকর্মীদের ওপর নির্যাতন ও নানা ধরনের হয়রানি হয়েছে।

তিনি আরও বলেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে রাজনৈতিক মামলায় কারাভোগ ও সাজা ভোগ করতে হয়েছে। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানও মামলায় সাজাপ্রাপ্ত হওয়ার পর দীর্ঘদিন লন্ডনে অবস্থান করেছেন।

LENS ASIA

ব্যারিস্টার আবদুস সালাম তালুকদারের রাজনৈতিক ভূমিকা তুলে ধরে খন্দকার মোশাররফ বলেন, স্বৈরাচারবিরোধী আন্দোলন, বিশেষ করে এরশাদবিরোধী আন্দোলনকে সফল করার পেছনে তার গুরুত্বপূর্ণ অবদান ছিল।

বর্তমান সরকারের কার্যক্রম প্রসঙ্গে তিনি বলেন, নানা সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্যেও বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। এসব উদ্যোগের ফলাফল পেতে সময় প্রয়োজন। সরকারের নেওয়া পদক্ষেপ সফল হলে বিএনপি আরও বেশি জনসম্পৃক্ত ও জনবান্ধব হয়ে উঠবে বলেও মন্তব্য করেন তিনি। তাঁর দাবি, এ কারণেই বিরোধী পক্ষ এসব উদ্যোগের বিরোধিতা করছে।